

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১১. মৃত ব্যক্তির কথা বলার মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্মানিত করা হয়েছে প্রসঙ্গে باب ما أكرم الله عنَّوَجَلَّ بِهِ نبيه صلى الله عليه وسلم من كلام الموتى

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ، حَدَّثَنِي اللَّيْثُ، حَدَّثَنِي سَعِيدُ بْنُ أَبِي سَعِيدِ الْمَقْبُرِيُّ، عَنْ أَبِي هُرِيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: لَمَّا فُتِحَتْ خَيْبُرُ، أُهْدِيَتْ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ شَاةٌ فِيهَا سُمِّ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنِّي صَائِلُكُمْ عَنْ شَيْءٍ فَهَلْ أَنْتُمْ صَادِقِيَّ عَنْهُ؟» قَالُوا: نَعَمْ يَا أَبًا الْقَاسِمِ، فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنِي مَنْ الْيَهُودِ»، فَجُمِعُوا لَهُ، فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَبُوكُمْ أَهُوكُمْ؟» قَالُوا: نَعَمْ يَا أَبَا الْقَاسِمِ، فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَبُوكُمْ فُكُرَنّ»، قَالُوا: صَدَقْتَ وَبَرَرْتَ، فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَبُوكُمْ فُكُرْنٌ»، قَالُوا: صَدَقْتَ وَبَرَرْتَ، فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «فَقَالُ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «فَقَالُ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «فَمَنْ أَهْلُ النَّارِ؟» فَقَالُوا: نَكُونُ وَيَا يَشِيرًا، ثُمَّ أَيْهُ وَسَلَّمَ: «هَلْ أَنْتُمْ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هَلْ أَنْتُمْ صَادِقِيَّ عَنْ شَيْءٍ إِنْ سَأَلْتُكُمْ فِيهَا يَسِيرًا، ثُمَّ أَنُولُ النَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هَلْ أَنْتُمْ صَادِقِيَّ عَنْ شَيْءٍ إِنْ سَأَلْتُكُمْ فَيَهُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: هَالُوا: نَعَمْ، قَالَ: «هَلْ جَعَلْتُمُ فِي هَذِهِ الشَّاةِ سُمَّا؟»، قَالُوا: نَعَمْ، قَالَ: «هَلْ جَعَلْتُمُ فِي هَذِهِ الشَّاةِ سُمَّا؟»، قَالُوا: نَعَمْ، قَالَ: «هَلْ جَعَلْتُمُ فِي هَذِهِ الشَّاةِ سُمَّا؟»، قَالُوا: نَعَمْ، قَالَ: «هَلْ جَعَلْتُمُ فِي هَذِهِ الشَّاقِ شَعْرِيحَ مِنْكَ، وَإِنْ كُنْتَ نَبِيًّا، لَمْ عَلَى ذَلِكَ؟» قَالُوا: أَرْدُنَا إِنْ كُنْتَ كَاذِبًا أَنْ نُسَتَرِيحَ مِنْكَ، وَإِنْ كُنْتَ نَبَيَا لَلهُ عَلَى اللهُ عَلَى ا

إسناده ضعيف لضعف عبد الله بن صالح ولكن الحديث صحيح

বাংলা



৭০. আবু হুরায়রা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: যখন খায়বার বিজিত হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে একটি বিষ মিশানো ছাগল উপহার দেয়া হল। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: এখানকার ইয়াহুদীদেরকে আমার সামনে একত্রিত কর। যখন তাদেরকে তাঁর সামনে একত্রিত করা হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বললেন: 'তোমাদেরকে আমি একটি বিষয়ে প্রশ্ন করবাে, তোমরা কি সে বিষয়ে আমাকে সত্য কথা বলবে?' তারা বলল, হাাঁ, হে আবুল কাসিম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বললেন: 'তোমাদের পিতা কে?' তারা বলল, আমাদের পিতা অমুক। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বললেন: 'তোমরা মিথ্যা বলছ, বরং তোমাদের পিতা অমুক।' তারা বলল, হাাঁ, আপনি সত্য ও সঠিক বলেছেন।

তারপর তিনি তাদেরকে বললেন: 'তোমাদেরকে আমি একটি বিষয়ে প্রশ্ন করলে তোমরা কি সে বিষয়ে আমাকে সত্য কথা বলবে?' তারা বলল, জি হ্যাঁ। তা নাহলে আপনি তো জেনে যাবেন যে, আমরা মিথ্যা বলছি, যেমন জেনে গেলেন, আমাদের পিতার বিষয়টি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বললেন: 'জাহান্নামের অধিবাসী কারা?' তারা বলল, আমরা সেখানে সামান্য সময় অবস্থান করব, তারপর আপনারা সেখানে আমাদের স্থলাভিষিক্ত হবেন। রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বললেন: 'দূর হও! বরং তোমরাই সেখানে থাকবে। আল্লাহর কসম, আমরা কখনোই সেখানে তোমাদের স্থলাভিষিক্ত হব না।'

তারপর তিনি তাদেরকে বললেন: ''তোমাদেরকে আমি একটি বিষয়ে প্রশ্ন করলে তোমরা কি সে বিষয়ে আমাকে সত্য কথা বলবে?' তারা বলল, জি হ্যাঁ। তিনি বললেন: 'তোমরা কি এ ছাগলের (মাংসের) সাথে বিষ মিশিয়েছো?' তারা বলল, হ্যাঁ। তিনি বললেন: 'কিসে তোমাদেরকে একাজ করতে প্ররোচিত করল?' তারা বলল, আমাদের উদ্দেশ্য ছিল, আপনি যদি (নবুওয়াতের দাবীতে) মিথ্যাবাদী হন, তবে আপনার থেকে আমরা রেহাই পাব; আর আপনি যদি নবী হন, তবে এটি আপনার কোনো ক্ষতি করবেনা।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। কারণ এতে আব্দুল্লাহ ইবনু সালিহ দুর্বল রাবী রয়েছে। তবে হাদীসটি সহীহ। যা বুখারী বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী আস সহীহ ৫৭৭৭; আহমদ, আল মুসনাদ ২/৪৫১; বাগাবী, শারহুস সুন্নাহ ১৪/২২-২৩ নং ৩৮০৫; বাইহাকী দালাইল ৪/২৫৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন